বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
সাধারণ প্রশাসন শাখা

বিজিএফসিএল এর নৈতিকতা কমিটির ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২১) সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ আমীর ফয়সাল মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল
সভার তারিখ	০৪.০৮.২০২১
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	অনলাইন জুম মিটিং
উপস্থিতি	কার্য বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ ও নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ

০৪.০৮.২০২১ তারিখে কোম্পানির নৈতিকতা কমিটির ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২১) সভা অনলাইন জুম মিটিং (Meeting ID 885 9953 2556) এ কমিটির সভাপতি, জনাব মোঃ আমীর ফয়সাল, মহাব্যবস্থাপক(টেকনিক্যাল সার্ভিসেস)-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর কার্যক্রম বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণসহ নৈতিকতা কমিটির সদস্যগণ সভায় অংশগ্রহণ করেন। সভার শুরুতে সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে কমিটির সদস্য-সচিবকে আলোচনা শুরু করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয়:

১.০আলোচনা

১.১। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ১ম (জুলাই-সেপ্টেম্বর, ২০২১) কোয়ার্টারে ৩০ জন জনবলের সমন্বয়ে ‘স্বাস্থ্যবিধি অনুসরণ বিষয়ে প্রশিক্ষণ’ এবং ২য় (অক্টোবর-ডিসেম্বর,২০২১) ও ৩য় (জানুয়ারি-মার্চ, ২০২২) কোয়ার্টারে ২০ জন করে জনবলের সমন্বয়ে ‘শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ’ এর লক্ষ্যমাত্রা কমিটির সদস্য-সচিব সভায় উত্থাপন করেন। প্রশিক্ষণ বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপ-মহাব্যবস্থাপক(মানবসম্পদ), জনাব মোঃ বিল্লাল হোসেন সভাকে অবহিত করেন যে, মানবসম্পদ বিভাগ বর্ণিত প্রশিক্ষণ ৩টি যথাসময়ে বাস্তবায়ন করবে।

১.২। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরের ৩য় (জানুয়ারি-মার্চ, ২০২২) কোয়ার্টারে ‘অকেজো মালামাল বিনষ্টিকরণ’ এর লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ব্যবস্থাপক (ফায়ার সেফটি-তিতাস দক্ষিণ), জনাব মোহাম্মদ শফিকুল ইসলাম-কে দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি সভাকে জানান যে, বিনষ্টযোগ্য কোম্পানির অকেজো মালামাল নির্ধারিত সময়ে বিনষ্ট করা হবে।

১.৩ সভায় কমিটির সদস্য-সচিব আরো অবহিত করেন যে, চলতি অর্থবছরের প্রতি কোয়ার্টারে ৬ বার (প্রতি মাসে ন্যূনতম ২ বার) করে ‘কোম্পানির আবাসিক এলাকায় মশা নিধনকল্পে ফগার মেশিনের মাধ্যমে ঔষধ প্রয়োগ’ এর লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। তাছাড়া, ৩য় (জানুয়ারি-মার্চ, ২০২২) কোয়ার্টারে ‘কর্মকর্তা ও কর্মচারীগণকে নোটিফিকেশনের মাধ্যমে পানি ও বিদ্যুৎ সাশ্রয়ে উদ্বুদ্ধকরণ’ বিষয়টি অন্তর্ভুক্ত আছে। এতদ্‌বিষয়ে কার্য বাস্তবায়নকারী কর্মকর্তা উপ-মহাব্যবস্থাপক (সার্ভিসেস), জনাব মোঃ ছায়েদুর রহমান-কে দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি সভাকে অবহিত করেন যে, লক্ষ্যমাত্রা অনুযায়ী ফগার মেশিনের মাধ্যমে কোম্পানির আবাসিক এলাকার মশা নিধনকল্পে ঔষধ প্রয়োগ চলমান আছে এবং ‘কর্মকর্তা ও কর্মচারীগণকে নোটিফিকেশনের মাধ্যমে পানি ও বিদ্যুৎ সাশ্রয়ে উদ্বুদ্ধকরণ’ বিষয়টি যথাসময়ে বাস্তবায়ন করা হবে।

১.৪। উপ-মহাব্যবস্থাপক (স্থানীয় সংগ্রহ)-কে লক্ষ্য করে কমিটির সদস্য-সচিব সভায় উল্লেখ করেন যে, চলতি অর্থবছরের ১ম (জুলাই-সেপ্টেম্বর, ২০২১) কোয়ার্টারে '২০২১-২০২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনাওয়েবসাইটে প্রকাশ' এর লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। উপ-মহাব্যবস্থাপক (স্থানীয় সংগ্রহ), জনাব মোঃ রশিদুল ইসলাম সভাকে অবহিত করেন যে, যথাসময়ে ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

১.৫। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরের ৩য় (জানুয়ারি-মার্চ, ২০২২) কোয়ার্টারে 'গাড়ীর লগবই পরীক্ষণ' এর লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপ-মহাব্যবস্থাপক (ট্রান্সপোর্ট), জনাব মোঃ মাহমুদুল হাসান-এর দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি সভাকে জানান যে, গাড়ীর লগবই পরীক্ষণ একটি চলমান প্রক্রিয়া এবং এতদ্‌বিষয়ে নৈতিকতা কমিটিকে যথাসময়ে কার্য বাস্তবায়নের বিষয়ে অবহিত করা হবে।

১.৬। কমিটির সদস্য-সচিব সভাকে আরো অবহিত করেন যে, চলতি অর্থবছরের ২য় (অক্টোবর-ডিসেম্বর,২০২১) ও ৪র্থ (এপ্রিল-জুন,২০২২) কোয়ার্টারে 'কনডেনসেট স্টোরেজ ইনভেন্টরি' এর লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপ-মহাব্যবস্থাপক (কনডেনসেট প্রসেসিং), জনাব মোঃ আশরাফুল আলম-এর দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি সভাকে জানান যে, কনডেনসেট স্টোরেজ ইনভেন্টরির কার্য যথাসময়ে বাস্তবায়ন করে নৈতিকতা কমিটিকে অবহিত করা হবে।

২.০সিদ্ধান্ত:

২.১। মানবসম্পদ বিভাগ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর আওতায় ১ম (জুলাই-সেপ্টেম্বর, ২০২১) কোয়ার্টারে ৩০ জন জনবলের সমন্বয়ে 'স্বাস্থ্যবিধি অনুসরণ বিষয়ে প্রশিক্ষণ' এবং ২য় (অক্টোবর-ডিসেম্বর,২০২১) ও ৩য় (জানুয়ারি-মার্চ, ২০২২) কোয়ার্টারে ২০ জন করে জনবলের সমন্বয়ে 'শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ' যথাসময়ে আয়োজন করবে।

২.২। চলতি অর্থবছরের ৩য় (জানুয়ারি-মার্চ, ২০২২) কোয়ার্টারে নথি/মালামাল বিনষ্টিকরণ কমিটি কোম্পানির অকেজো মালামাল বিনষ্ট করবে।

২.৩। সার্ভিসেস বিভাগ চলতি অর্থবছরের প্রতি কোয়ার্টারে ৬ বার (প্রতি মাসে ন্যূনতম ২ বার) করে কোম্পানির আবাসিক এলাকায় মশা নিধনকল্পে ফগার মেশিনের মাধ্যমে ঔষধ প্রয়োগ করবে এবং ৩য় (জানুয়ারি-মার্চ, ২০২২) কোয়ার্টারে কোম্পানির কর্মকর্তা ও কর্মচারীগণকে নোটিফিকেশনের মাধ্যমে পানি ও বিদ্যুৎ সাশ্রয়ে উদ্বুদ্ধ করবে।

২.৪। চলতি অর্থবছরের ১ম (জুলাই-সেপ্টেম্বর, ২০২১) কোয়ার্টারে স্থানীয় সংগ্রহ বিভাগ ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

২.৫। ট্রান্সপোর্ট বিভাগ চলতি অর্থবছরের ৩য় (জানুয়ারি-মার্চ, ২০২২) কোয়ার্টারে গাড়ীর লগবই পরীক্ষণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

২.৬। কনডেনসেট প্রসেসিং বিভাগ চলতি অর্থবছরের ২য় (অক্টোবর-ডিসেম্বর,২০২১) ও ৪র্থ (এপ্রিল-জুন,২০২২) কোয়ার্টারে কনডেনসেট স্টোরেজ ইনভেন্টরির কার্য যথাসময়ে বাস্তবায়ন করে নৈতিকতা কমিটিকে অবহিত করবে।
সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আমীর ফয়সাল
মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) ও
সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.০৩২.৩৩.০০১.২১.৮৩২

তারিখ: ৪ ভাদ্র ১৪২৮
১৯ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) ও ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, পেট্রোবাংলা, ঢাকা।
২) সকল সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।
৩) উপ-মহাব্যবস্থাপক (কনডেনসেট প্রসেসিং), বিজিএফসিএল
৪) উপ-মহাব্যবস্থাপক (সার্ভিসেস), বিজিএফসিএল
৫) উপ-মহাব্যবস্থাপক (ট্রান্সপোর্ট), বিজিএফসিএল
৬) উপ-মহাব্যবস্থাপক (মানব সম্পদ), বিজিএফসিএল
৭) ব্যবস্থাপক (আইডব্লিউটি), বিজিএফসিএল (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৮) উপ-মহাব্যবস্থাপক (স্থানীয় সংগ্রহ), বিজিএফসিএল

মোহাম্মদ জোয়াদ আলী
ব্যবস্থাপক (প্রশাসন)